গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বস্ত্র-১ শাখা
www.motj.gov.bd

নম্বর-২৪.০০.০০০০.০০০.০৪৯.১১.০০০৫.২৬- ৪৬৭

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ / ০২ নভেম্বর ২০২৬

প্রজ্ঞাপন

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র অধিদপ্তরের আওতাধীন প্রতিষ্ঠানসমূহের "সহকারী অধ্যাপক (নন-কারিগরি)" (রসায়ন) (৬ষ্ঠ গ্রেড) পদে নিয়োগের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় কর্তৃক সুপারিশকৃত নিম্নোক্ত প্রার্থীকে জাতীয় বেতন স্কেল, ২০২৬-এর ৭১,০০০----------১,৩৪,০০০/- (৬ষ্ঠ গ্রেড) বেতনক্রমে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রমিক নম্বর	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, রেজিঃ নং	স্থায়ী ঠিকানা
০১.	জনাব মোঃ আব্দুল্লাহ আল হাসান মেহেদী পিতা- মোঃ আঃ মজিদ মাতা- আছিয়া খাতুন রেজিঃ নং-৪০০০৬৭	গ্রাম: পূর্ব ভালুকা (কোনা পাড়া) ডাকঘর: মিরকা পোস্টকোড-২২৪০ থানা: ভালুকা জেলা: ময়মনসিংহ

০২। শর্তাবলী:

(ক) নিয়োগপ্রাপ্ত প্রার্থীকে আগামী ২২/১১/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, বিটিএমসি ভবন, ৭-৯, কারওয়ান বাজার, ঢাকা বরাবরে যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(খ) নিয়োগকৃত প্রার্থীর পরবর্তীকালে যে কোন সময় যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ, অসত্য তথ্য প্রদান বা অন্য কোনো ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা হবে এবং চাকরিতে নিয়োগের পর এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(গ) অস্থায়ী পদসমূহ স্থায়ী হওয়া সাপেক্ষে বস্ত্র অধিদপ্তরের নিয়োগবিধি অনুযায়ী চাকরি স্থায়ীকরণের ক্ষেত্রে নির্ধারিত শর্তাবলি প্রতিপালন হওয়ার পরই সংশ্লিষ্ট পদের চাকুরিতে স্থায়ী করা হবে;

(ঘ) যদি তিনি কোনো বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তাহলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঙ) চাকরিতে যোগদানকালে তাঁর যোগদানপত্রের সাথে ৩০০ (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা (বন্ড) সম্পাদন করতে হবে যে, তিনি নিজে বা পরিবারের অন্যান্য সদস্যের জন্য যৌতুক নিবেন না বা যৌতুক দিবেন না;

(চ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপবিধি অনুযায়ী নিয়োগ প্রাপ্ত ব্যক্তির সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণী (জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সরবরাহকৃত নির্দিষ্ট ফরমে) সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় জমা দিতে হবে;

(ছ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে; এবং

(জ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০২/১১/২৬

(সাবিহা ইয়াসমীন)
উপসচিব
ফোনঃ ৯৫১৫৫৯০
e-mail:-sastextile1@gmail.com

[চলমান পাতা- ০২]

নম্বর-২৪.০০.০০০০.০০০.০৪৯.১১.০০০৫.২৬- ৪৬৭

তারিখ: ১৭ কার্তিক ১৪৩৩ / ০২ নভেম্বর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
২. মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন, ৭-৯ কাওরান বাজার, ঢাকা (প্রার্থীর ছবি ও সংশ্লিষ্ট কাগজ পত্রাদি এতদসংগে প্রেরণ করা হলো, যা যোগদান পত্রের সাথে ফেরত প্রদান করার জন্য অনুরোধ করা হলো);
৩. সচিবের একান্ত সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪. সিস্টেম এনালিস্ট, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ ও এ মন্ত্রণালয়কে অবহিতকরণের অনুরোধসহ);
৬. চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
৭. জনাব মোঃ আব্দুল্লাহ আল হাসান মেহেদী, পিতা- মোঃ আঃ মজিদ, গ্রাম: পূর্ব ভালুকা (কোনা পাড়া), ডাকঘর: মিরকা, থানা: ভালুকা, জেলা: ময়মনসিংহ;
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি।

০২/১১/২৬

(সাবিহা ইয়াসমীন)
উপসচিব